

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল  
আইসিটি শাখা  
www.tangail.gov.bd

স্মারক নম্বর: ০৫.৩০.৯৩০০.০২৫.০৮.০১৬.১৮.২১৯(১০০)

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৮  
০৭ ডিসেম্বর ২০২১

বিষয়: ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২১ উদযাপন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার প্রত্যয়ে টেকসই ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বর্তমান সরকারের অবদান ও দিবসটির গুরুত্ব জনগণ তথা শিক্ষার্থীদের মাঝে তুলে ধরার নিমিত্ত সারাদেশের ন্যায় জেলা প্রশাসন, টাঙ্গাইল কর্তৃক আগামী ১২ ডিসেম্বর ২০২১ তারিখ “ডিজিটাল বাংলাদেশ দিবস” উদযাপন করা হবে। এলক্ষে জেলা প্রশাসন, টাঙ্গাইল কর্তৃক বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন আলহাজ মো: ছানোয়ার হোসেন, এমপি, মাননীয় সংসদ সদস্য, ১৩৪; টাঙ্গাইল-৫; বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সরকার মোহাম্মদ কায়সার, পুলিশ সুপার, টাঙ্গাইল; জনাব এস. এম সিরাজুল হক, মেয়র, টাঙ্গাইল পৌরসভা; জনাব শাহজাহান আনন্দারী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টাঙ্গাইল সদর এবং সভাপতিত করবেন ড. মো: আতাউল গানি, জেলা প্রশাসক, টাঙ্গাইল।

ক্রম	তারিখ ও সময়	গৃহীত কর্মসূচি	স্থান	মন্তব্য
১	১২ ডিসেম্বর সকাল ০৯.০০ টা	জাতির পিতার প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণের মাধ্যমে শুধা নিবেদন	শহীদ স্মৃতি পৌরউদ্যান, টাঙ্গাইল	
২	১২ ডিসেম্বর পুস্পস্তবক অর্পণ শেষে	জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা-কর্মচারী, শিক্ষক, ছাত্র-ছাত্রী, স্টেকহোল্ডার (আইটি ফ্রি-ল্যান্ডার, ই-কর্মার্স উদ্যোগী, ইউডিসি উদ্যোগী)সহ সর্বস্তরের জনগণের অংশগ্রহণে বর্ণিত র্যালি	শহীদ স্মৃতি পৌরউদ্যান, টাঙ্গাইল হতে জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল পর্যন্ত	
৩	১২ ডিসেম্বর সকাল ১০.০০ টা	সরাসরি প্রচারিত্ব কেন্দ্রীয় মূল অনুষ্ঠান দর্শন এবং “ডিজিটাল বাংলাদেশের অর্জন, উপকৃত সকল জনগণ” শীর্ষক সেমিনার	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, টাঙ্গাইল	
৪	১২ ডিসেম্বর সকাল ১১.০০ টা	পুরক্ষার বিতরণ	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, টাঙ্গাইল	

এমতাবস্থায়, তাঁকে উক্ত দিবস উদযাপনে জেলা প্রশাসন, টাঙ্গাইল কর্তৃক আয়োজিত সকল কর্মসূচিতে অংশগ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

১২.১২.২১  
(ড. মো: আতাউল গানি)

জেলা প্রশাসক

টাঙ্গাইল

ফোন: ০৯২১-৬২৩৯০

ইমেইল: [dctangail@mopa.gov.bd](mailto:dctangail@mopa.gov.bd)

বিতরণ: (কোর্যার্থে)

অনুলিপি জ্ঞাতার্থে/ কার্যার্থে:

- পুলিশ সুপার, টাঙ্গাইল। তাঁকে র্যালিতে সুসজ্জিত বাদক দল প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- নেজারত ডেপুটি কালেক্টর, টাঙ্গাইল। সম্মেলন কক্ষ প্রস্তুত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং নোটিশ পত্রটি সংশ্লিষ্ট সকলের নিকট পৌছানোর লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক বাহক নিয়োগের জন্য অনুরোধ করা হলো।
- জেলা তথ্য কর্মকর্তা, টাঙ্গাইল। র্যালিতে তাঁর অফিসের একজন ঘোষকসহ মাইক সরবরাহের জন্য অনুরোধ করা হলো।